কৃষিই সমৃদ্ধি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

কৃষি তথ্য সার্ভিস

খামারবাড়ি, ফার্মগেট, ঢাকা-১২১৫

ফোন-৯১১২২৬০
ফ্যাক্স-৯১১৬৭৬৮

dirais@ais.gov.bd
www.ais.gov.bd

স্মারক নংঃ ১২.০৫.০০০০.০২২.০৬.০০৪.১৫-২৩১৪ তারিখঃ ২৯ নভেম্বর ২০১৫ খ্রিস্টাব্দ

বরাবর

আঞ্চলিক বেতার কৃষি অফিসার
কৃষি তথ্য সার্ভিস, রংপুর অঞ্চল, রংপুর।

বিষয়ঃ ডিজিটাল এক্সটেনশন কর্মসূচির আওতায় স্থাপিত অচল এআইসিসি'র মালামাল ফেরত গ্রহণ ও প্রস্তাবিত এআইসিসি'তে মালামাল হস্তান্তর।

সূত্রঃ আপনার কার্যালয়ের স্মারক- ১২.০৫.০০০০.০০৪.৩০.১৫-১৯৯ তারিখ ১২/১১/২০১৫খ্রিঃ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে জানানো যাচ্ছে যে, কৃষি তথ্য সার্ভিস এর 'ডিজিটাল এক্সটেনশন কর্মসূচি'র আওতায় রংপুর জেলার মিঠাপুকুরে "অভিরাম নুরপুর কৃষি তথ্য ও যোগাযোগ কেন্দ্র" স্থাপন করা হয়েছিল। উল্লিখিত এআইসিসির কার্যক্রম সন্তোষজনক না হওয়ায় কেন্দ্রটির অনুকূলে বিতরণকৃত মালামালসমূহ ফেরত নিয়ে রংপুর জেলার মিঠাপুকুর উপজেলার "ময়েনপুর নয়াপাড়া আইএফএমসি কৃষক ক্লাব"এ বিতরণ তথা এআইসিসি প্রতিস্থাপনের জন্য আপনার সুপারিশের প্রেক্ষিতে সম্মতি জ্ঞাপন করা হলো।

২। প্রস্তাবিত "ময়েনপুর নয়াপাড়া আইএফএমসি কৃষক ক্লাব"টিকে এআইসিসি হিসেবে কার্যক্রম পরিচালনার জন্য এসাথে সংযুক্ত ৩০০ (তিনশত) টাকার নন-জুডিশিয়াল স্ট্যাম্পে চুক্তিনামা স্বাক্ষরের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো। চুক্তিনামার আলোকে নতুন এআইসসিটির কার্যক্রম তদারকি ও প্রয়োজনীয় সহযোগিতা প্রদানের অনুরোধ করা হলো।

সংযুক্তঃ চুক্তিনামার খসড়া- ০১(এক) কপি।

২৯.১১.১৫
(মিজানুর রহমান)
পরিচালক

অনুলিপিঃ

১. উপ পরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, রংপুর
২. উপজেলা কৃষি অফিসার, মিঠাপুকুর, রংপুর।

AICC পরিচালনার জন্য কৃষক ক্লাবের সাথে কৃষি তথ্য সার্ভিসের অঙ্গীকারনামা

প্রথম পক্ষ :
কৃষি তথ্য সার্ভিস
খামারবাড়ি, ফার্মগেট
ঢাকা-১২১৫

দ্বিতীয় পক্ষ :
কৃষি তথ্য ও যোগাযোগ কেন্দ্র ....
....
জনাব..
পিতাঃ ....
গ্রামঃ ....ইউনিয়নঃ......................
ডাকঘরঃ...................উপজেলাঃ.......................
জেলাঃ ....
ও
সভাপতি :..

আমরা এই মর্মে আইপিএম/আইসিএম/কৃষি ক্লাবে-এর পক্ষ হইতে প্রথম পক্ষের দেয়া নিম্নলিখিত শর্তসমূহে একমত হইয়া অদ্য .... তারিখ......................... IPM/ICM কৃষি ক্লাবে AICC পরিচালনার জন্য অঙ্গীকারনামায় স্বাক্ষর করিলাম।

শর্তাবলী :-

১. এই মর্মে অঙ্গীকারনামা তারিখ............./২০.......ইং হইতে কার্যকর হইবে এবং আগামী ১০ (দশ) বছর পর্যন্ত অর্থাৎ তারিখ ..../২০.......ইং পর্যন্ত বলবৎ থাকিবে। এই ক্ষেত্রে সময় উত্তীর্ণ হইবার ২ মাস পূর্বে পুনরায় নবায়ন করিতে হইবে। এজন্য কোন অর্থের প্রয়োজন হইবে না।

২. ....ক্লাবে কৃষি তথ্য ও যোগাযোগ কেন্দ্র (AICC) স্থাপন করা হইবে। এই কেন্দ্রে কৃষি তথ্য সার্ভিস হইতে সরবরাহকৃত ইলেকট্রনিক্স সরঞ্জামাদি যথা- কম্পিউটার, ল্যাপটপ, স্ক্যানার, ইউপিএস, সাউণ্ড সিস্টেম, কম্পিউটার সংক্রান্ত আবশ্যকীয় অন্যান্য সামগ্রী, ওয়েব ক্যাম, প্রিন্টার, ইন্টারনেট সংযোগ (মডেম), ডিজিটাল ক্যামেরা, মোবাইল ফোন, কম্পিউটার টেবিল, চেয়ার, হোয়াইট বোর্ড ও অন্যান্য ফার্নিচার, মাল্টি মিডিয়া, জেনারেটর, সিডি, ডিভিডি এবং মুদ্রণ সামগ্রী (যথা- কৃষি ম্যাগাজিন (কৃষিকথা), কৃষি ডাইরি, নিউজলেটার (সম্প্রসারণবার্তা), পোষ্টার, লিফলেট, বুকলেট (ফোল্ডার) ইত্যাদি প্রথম পক্ষের নিকট হইতে দ্বিতীয় পক্ষের সভাপতি বা তাহার প্রতিনিধি গ্রহণ করিবেন এবং প্রাপ্ত সরঞ্জামাদি ও মুদ্রিত মালামাল ক্লাবের নিজস্ব মজুদ বহিতে লিপিবদ্ধ করিবেন।

৩. প্রথম পক্ষ কর্তৃক স্থাপিত হওয়ার পর হইতে দ্বিতীয় পক্ষ কার্যাদি সম্পন্ন করিবেন। প্রাথমিক অবস্থায় (AICC) ইলেকট্রনিক সরঞ্জামাদি চালু করার যাবতীয় ব্যয় ভার কৃষি তথ্য সার্ভিস বহন করিবে। পরে কোন যন্ত্রপাতি মেরামত/অথবা নতুন করে ক্রয় করিলে বা বিকল হইলে উহার খরচ দ্বিতীয় পক্ষকে অবশ্যই বহন করিতে হইবে। এক্ষেত্রে প্রথম পক্ষের অনুমতি সাপেক্ষে মেরামত করিতে হইবে।

৪. প্রশিক্ষণপ্রাপ্ত সদস্যগণ ক্লাবে স্থাপিত সরঞ্জামাদি পরিচালনা করিবেন এবং নিজ দায়িত্বে সংরক্ষণ করিবেন।

৫. ওয়েবসাইটের মাধ্যমে প্রাপ্ত নতুন কৃষি প্রযুক্তি সম্পর্কে উপস্থিত সদস্যদেরসহ ক্লাবের সাপ্তাহিক ও মাসিক সভায় অন্যান্য সদস্যদের অবহিত করিবেন।

৬. ক্লাবের কোন ইক্যুইপমেন্ট বা দ্রব্যাদি যাহাতে হারাইয়া বা খোয়া না যায় সেই জন্য সভাপতি ও সম্পাদক নিরাপত্তার ব্যবস্থা নিবেন।

৭. ক্লাবের যন্ত্রপাতি ও প্রচার সামগ্রী যথা লিফলেট, ফোল্ডার, কৃষিকথা, সম্প্রসারণ বার্তা ইত্যাদি ক্লাব ঘর ব্যতীত অন্য কোথাও নিয়ে ব্যবহার করা যাইবে না।

৮. AICC এর বিদ্যুৎ ও টেলিফোন বিল এবং মোবাইল কার্ড, ইন্টারনেট এর খরচ দ্বিতীয় পক্ষ নিয়মিত পরিশোধ করিবেন। ক্লাবঘর মেরামতের প্রয়োজন হইলে দ্বিতীয় পক্ষ নিজ খরচে উহা মেরামত করিতে হইবে।

৯. ক্লাবের আয় ও উন্নয়ন মূলক কার্যক্রম সাধারণ জনগণের কল্যাণে নিজস্ব গতিতে চলিবে।

১০. ক্লাবে সকল প্রকার রাজনৈতিক কর্মকাণ্ড নিষিদ্ধ থাকিবে।

১১. সাধারণ সভা আহ্বান করে সকলের সম্মতিক্রমে একটি কার্যকরি কমিটি গঠন করিতে হইবে এবং কৃষি তথ্য ও যোগাযোগ কেন্দ্র (AICC) শিরোনামে ব্যাংকে একটি সঞ্চয়ী হিসাব খুলিতে হইবে এবং উহা অবশ্যই সভাপতি ও সম্পাদকের যৌথ স্বাক্ষরে পরিচালিত হইবে।

১২. এআইসিসি ক্লাবের কার্যকরি কমিটি প্রতিমাসে অন্তত একবার সভা আহ্বান করবে এবং উক্ত সভার মাধ্যমে প্রণীত ক্লাবের অগ্রগতির প্রতিবেদন উপজেলা কৃষি অফিসারের নিকট প্রেরণ করবে।

১৩. (AICC) প্রতিদিন বিকাল ৫টা হইতে রাত ৯টা পর্যন্ত খোলা থাকিবে। তবে সভাপতি/সম্পাদক ক্লাবের সদস্যদের সঙ্গে আলোচনাক্রমে প্রয়োজনে সময় পরিবর্তন করতে পারিবেন।

১৪. (AICC) হতে প্রাপ্ত আয়ের হিসাব আলাদাভাবে সংরক্ষণ করিতে হইবে। ছয় মাস অন্তর এবং বাৎসরিক সাধারণ সভায় সকল সদস্যদের অবহিত করিতে হইবে।

১৫. দশ বছর পূর্বে এই চুক্তি বাতিল করা যাইবে না। তবে ১০ বছর এর মধ্যে ক্লাবের নিজস্ব স্থাপনা হইলে ক্লাব ঘর স্থানান্তর করা যাইবে। এই ক্ষেত্রে প্রথম পক্ষের সাথে পূর্বে আলোচনা করিতে হইবে।

১৬. প্রথম পক্ষ তফশীলে বর্ণিত ঘরটি কেবল মাত্র গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের কৃষি মন্ত্রণালয়ের কৃষি তথ্য সার্ভিসের কৃষি তথ্য ও যোগাযোগ কেন্দ্র হিসাবে ব্যবহৃত হইবে।

১৭. (AICC) পরিচালনায় কোন অবস্থায় দেখা দিলে দ্বিতীয় পক্ষ সমঝোতার উদ্যোগে নিবে। এতে ব্যর্থ হইলে প্রথম পক্ষ একতরফা সিদ্ধান্ত গ্রহণের ক্ষমতা রাখে যাহা দ্বিতীয় পক্ষ মানিতে বাধ্য থাকিবে।

ক্লাব ঘরের বিবরণ/তফশীল

মৌজার নাম ....

খতিয়ান নং......................

দাগ নং..........................

ক্লাব ঘরের সাইজ ও অবকাঠামো ....

অঙ্গীকারনামা ভুক্ত পক্ষ

প্রথম পক্ষ :

কৃষি তথ্য সার্ভিস

খামারবাড়ি, ফার্মগেট

ঢাকা-১২১৫

দ্বিতীয় পক্ষ :

কৃষি তথ্য ও যোগাযোগ কেন্দ্র ....

....

জনাব..

পিতাঃ ....

গ্রামঃ ....ইউনিয়নঃ......................

ডাকঘরঃ..................উপজেলাঃ......................

জেলাঃ ....

ও

সভাপতি :...

স্বাক্ষীগণ

১। নামঃ............................

ঠিকানাঃ.........................

২। নামঃ............................

ঠিকানাঃ.........................

স্বাক্ষীগণ

১। নামঃ...

পিতার নামঃ......................................

মাতার নামঃ......................................

ঠিকানাঃ...

২। নামঃ...

পিতার নামঃ......................................

মাতার নামঃ......................................

ঠিকানাঃ...